রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ০২/০৫/২০১৭ খ্রিঃ তারিখের ৩৩৫৭ স্মারকে জারীকৃত নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত রাজস্ব খাতের পদসমূহ পূরণের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত এবং স্থায়ী নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্তাধীনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

**শর্তাবলী ঃ**

| ক্রমিক নং- | পদের নাম ও<br>বেতন স্কেল | যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ১। | **সহযোগী অধ্যাপক ঃ**<br>যন্ত্রকৌশল বিভাগ - ০১টি<br><br>বেতন স্কেল:<br>টাঃ ৫০০০০ - ৭১২০০/- | The candidates must possess a CGPA of minimum 3.7 (in the scale of 4.0) or equivalent in B.Sc. Engg. or equivalent degree in relevant branch of engineering and an M.Sc. Engg./M.Engg or equivalent degree in relevant branch of engineering from a recognized University/Institution plus 12 years of professional experience of which 6 years in active teaching in the post of Assistant Professor with at least 4 (four) publications of which at least 2 (two) in a peer-reviewed recognized and referred journals.<br>**Or**<br>The candidates must possess a CGPA of minimum 3.7 (in the scale of 4.0) or equivalent in B.Sc. Engg. or equivalent degree in relevant branch of engineering and an M.Sc. Engg./M.Engg and a Ph.D. or equivalent degree in the relevant discipline from a recognized University/Institution plus 7 years of professional experience of which 3 years in active teaching in the post of Assistant Professor with at least 4 (four) publications of which at least 2 (two) in a peer-reviewed recognized and referred journals. |
| ২। | **প্রভাষক ঃ**<br>(ক) বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এন্ড কনস্ট্রাকশন ম্যানেজমেন্ট বিভাগ - ০৩টি (তন্মধ্যে ১টি অধ্যাপক ও ২টি সহকারী অধ্যাপক পদের বিপরীতে)<br>(খ) ম্যাটেরিয়াল সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ - ০৩টি (তন্মধ্যে ১টি অধ্যাপক পদের বিপরীতে)<br>বেতন স্কেল: টাঃ ২২০০০ -৫৩০৬০/- | The candidates must possess a CGPA of minimum 3.7 (in the scale of 4.0) or equivalent in B.Sc. Engg. or equivalent degree in relevant branch of engineering from a recognized University/Institution. |
| ৩। | অফিস সহায়ক (এম.এল.এস.এস) - ২টি<br><br>বেতন স্কেল: টাঃ ৮২৫০ -২০০১০/- | প্রার্থীর কোন অনুমোদিত বোর্ড/ প্রতিষ্ঠান হইতে কমপক্ষে এস.এস.সি./সমমান পরীক্ষায় পাসের সনদপত্র থাকিতে হইবে।<br>অথবা<br>প্রার্থীর জে.এস.সি/অষ্টম শ্রেণী পাসসহ সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত বা সমমানের প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |

02/05/17

রেজিষ্ট্রার (ভারপ্রাপ্ত)
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ০২/০৫/২০১৭ খ্রিঃ তারিখের ৩৩৫৭ স্মারকে জারীকৃত নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত রাজস্ব খাতের পদসমূহ পূরণের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত এবং স্থায়ী নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্তাধীনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলী ঃ

১। আগ্রহী প্রার্থীদের আবেদনের নির্ধারিত ফরমেট ও CV (Proforma) অনুযায়ী আবেদন করতে হবে। আবেদন পত্রের সাথে প্রার্থীর পাসপোর্ট সাইজের ২ কপি সত্যায়িত ছবি (শিক্ষক পদের জন্য ট্রান্সক্রিপ্টসহ শিক্ষাগত যোগ্যতা এবং নম্বরের শতকরা হার/গ্রেড পয়েন্ট উল্লেখ করতে হবে) ও অভিজ্ঞতার সকল সনদপত্রের সত্যায়িত কপি, জাতীয় পরিচয় পত্র/পাসপোর্টের সত্যায়িত অনুলিপি এবং কোন প্রথম শ্রেণীর কর্মকর্তার নিকট হতে গৃহীত চারিত্রিক সনদপত্রসহ সহযোগী অধ্যাপক পদের জন্য মোট ১০ সেট এবং প্রভাষক পদের জন্য মোট ৮ সেট ও অফিস সহায়ক (এম.এল.এস.এস) পদের জন্য ২ সেট আবেদনপত্র দাখিল করতে হবে। আবেদনপত্র প্রেরণ করার সময় খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে।

২। বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এন্ড কনস্ট্রাকশন ম্যানেজমেন্ট (BECM) বিভাগের প্রভাষক পদে **BECM ও পুরকৌশল বিভাগ** হতে এবং ম্যাটেরিয়াল সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (MSE) বিভাগের প্রভাষক পদে **MSE, ম্যাটেরিয়াল এন্ড মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং (MME) ও যন্ত্রকৌশল বিভাগ** হতে ডিগ্রী অর্জনকারীগণ আবেদন করতে পারবেন।

৩। রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক পদে নিয়োগের ক্ষেত্রে স্নাতক পর্যায়ে প্রার্থীদের ন্যূনতম CGPA ৩.৭০ বা সমমান (সনাতন পদ্ধতির ৭০ % নম্বর) এবং এস.এস.সি ও এইচ.এস.সি CGPA ৫.০০ এর মধ্যে নূন্যতম ৪.০০ থাকতে হবে। তবে অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে Non Attainable CGPA শিথিল করা যেতে পারে।

৪। আবেদনপত্রের সাথে "রেজিস্ট্রার, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়" -এর বরাবরে নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত শিক্ষক পদ সমূহের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা এবং অফিস সহায়ক (এম.এল.এস.এস) পদের জন্য ২০০/- (দুইশত) টাকা (রূপালী/সোনালী/জনতা/অগ্রণী ব্যাংক লিঃ) -এর ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে।

৫। চাকুরীরত প্রার্থীদের আবেদনপত্র অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে।

৬। উল্লেখিত পদসমূহে **আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ ঃ ২৮/০৫/২০১৭ খ্রিঃ (দুপুর ২.৩০ ঘটিকা পর্যন্ত)।** উল্লেখ্য যে, অত্র বিশ্ববিদ্যালয় আগামী ২২-২৪ মে, ২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত গ্রীস্মকালীন ছুটি উপলক্ষ্যে বন্ধ থাকবে, বিধায় উক্ত সময়ে আবেদনপত্র গ্রহণ এবং আবেদন ফরম বিতরণ করা হবে না।

৭। রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে চাকুরীতে সরাসরি নিয়োগের ক্ষেত্রে কোন পরীক্ষায় ৩য় শ্রেণী/বিভাগ গ্রহণযোগ্য নহে। তবে, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষকদের জন্য অনুপার্জিত (Non-attainable) শিক্ষাগত যোগ্যতা (শ্রেণী / বিভাগ) শিথিল করা যেতে পারে।

৮। বিভাগীয় দক্ষ প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা যে কোন একটি শিথিলযোগ্য হবে।

৯। অভিজ্ঞতার ক্ষেত্রে অত্র বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষকদের জন্য অনুমোদিত বিধিমালা মোতাবেক প্রদত্ত চাকুরীকাল গণনার নীতিমালা অনুসরণ করা হবে।

১০। সরকারী বিধি মোতাবেক সকল কোটা সংরক্ষণপূর্বক নিয়োগ প্রদানের ব্যবস্থা থাকবে।

১১। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে অত্র বিশ্ববিদ্যালয়ের নিয়োগ সংক্রান্ত নীতিমালার অন্যান্য শর্তাবলী প্রযোজ্য হবে।

১২। অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উল্লেখ করা যেতে পারে যে, পদের সংখ্যা প্রয়োজনবোধে বাড়তে বা কমতে পারে।

১৩। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে কোন প্রকার টি, এ / ডি, এ প্রদান করা হবে না।

১৪। প্রয়োজনবোধে কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষন করেন।

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

স্মারক নং- ৩৩৫৭/৫০

তারিখঃ ১৯ বৈশাখ, ১৪২৪ বঃ
০২ মে, ২০১৭ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রদান ঃ-

১। সকল ডীন/বিভাগীয় প্রধান/পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
২। সকল হল প্রভোষ্ট/ শাখা প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, কম্পিউটার সেন্টার, অত্র বিশ্ববিদ্যালয়। - উল্লেখিত নিয়োগ বিজ্ঞপ্তি, সংশ্লিষ্ট পদের যোগ্যতা ও অভিজ্ঞতা, শর্তাবলী এবং আবেদনপত্রের নির্ধারিত ফরমেট ও CV (Proforma) অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েব-সাইটে অন্তর্ভূক্তকরণের অনুরোধসহকারে।
৪। উপ-পরিচালক (জনসংযোগ), অত্র বিশ্ববিদ্যালয়। - উল্লিখিত বিজ্ঞপ্তিটি আগামী ২/১ দিনের মধ্যে জাতীয় পত্রিকায় প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহকারে।
৫। সকল নোটিশ বোর্ড, অত্র বিশ্ববিদ্যালয়।
৬। সংরক্ষণ নথি।
৭। নথি।

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।